রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জানুয়ারি ২৭, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়**

**তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৮ মাঘ, ১৪৩১ বঙ্গাব্দ/২২ জানুয়ারি, ২০২৫ খ্রিষ্টাব্দ

**এস, আর, ও, নং ৪৪-আইন/২০২৫।**—সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৫৯ এর উপধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন, ২০০৬ (২০০৬ সনের ৩৯ নং আইন) এর ধারা ৮৮ এর সহিত পঠিতব্য, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৪০ এর দফা (২) এর বিধান অনুযায়ী বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

**১। শিরোনাম।**—এই বিধিমালা ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রক এর কার্যালয়ের (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২৫ নামে অভিহিত হইবে।

**২। সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) **"কমিশন"** অর্থ বাংলাদেশ সরকারি কর্ম কমিশন;

(খ) **"জিপিএ"** অর্থ Grade Point Average (GPA);

(গ) **"তফসিল"** অর্থ এই বিধিমালার তফসিল;

(ঘ) **"নিয়োগকারী কর্তৃপক্ষ"** অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যেকোনো কর্মচারী;

(ঙ) **"পদ"** অর্থ তফসিলে উল্লিখিত কোনো পদ;



মূল্য : টাকা ২০.০০

(চ) **"প্রয়োজনীয় যোগ্যতা"** অর্থ কোনো পদে নিয়োগের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;

(ছ) **"শিক্ষানবিশ"** অর্থ কোনো পদে শিক্ষানবিশ হিসাবে নিযুক্ত কোনো ব্যক্তি;

(জ) **"সিজিপিএ"** অর্থ Cumulative Grade Point Average (CGPA); এবং

(ঝ) **"স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃত বোর্ড" বা "স্বীকৃত ইনস্টিটিউট"** অর্থ আপাতত বলবৎ কোনো আইনের দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোনো বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা ইনস্টিটিউট এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোনো বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা ইনস্টিটিউটও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি।**—(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলি সাপেক্ষে কোনো পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগদান করা যাইবে, যথা:—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) প্রেষণে বদলির মাধ্যমে।

(২) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগ করা যাইবে না যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগ।**—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোনো পদে কোনো ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটি বা নির্বাচন কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাবহির্ভূত কোনো সরাসরি নিয়োগ করা যাইবে না:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটি বা নির্বাচন কমিটি লিখিত ও মৌখিক পরীক্ষার ভিত্তিতে নিয়োগের সুপারিশ করিবে।

(৩) কোনো পদে সরাসরি নিয়োগের জন্য কোনো ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন; এবং

(খ) এইরূপ কোনো ব্যক্তিকে বিবাহ করেন বা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোনো পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য-পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্রবিশেষে, তৎকর্তৃক মনোনীত কোনো মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোনো দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোনো ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে তদন্ত না হইয়া থাকে বা তদন্ত হইলে, তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকরিতে নিযুক্তির জন্য তিনি উপযুক্ত নহেন।

(৫) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগের জন্য সুপারিশ করা যাইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফি'সহ যথাযথ ফরম পূরণ ও প্রয়োজনীয় কাগজপত্রসহ নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারি চাকরি বা কোনো স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত থাকাকালীন স্বীয় ঊর্ধ্বতন কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

(৬) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আবেদন করিয়া কোনো ব্যক্তি নিয়োগপ্রাপ্ত হইলে উক্ত নিয়োগ নব নিয়োগ হিসাবে গণ্য হইবে এবং তাহার পূর্ব চাকরিকাল শুধু পেনশন ও বেতন সংরক্ষণের জন্য গণনাযোগ্য হইবে ও জ্যেষ্ঠতা বা অন্য কোনো আর্থিক সুবিধাদির জন্য উক্ত কর্মকাল গণনাযোগ্য হইবে না।

**৫। পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই কমিটি বা নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, ১৩—১৬ গ্রেডের কোনো পদ হইতে ১০—১২ গ্রেডের কোনো পদে এবং ১০—১২ গ্রেডের কোনো পদ হইতে ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের কোনো পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোনো ব্যক্তির চাকরি-বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

(৩) অস্থায়ী পদে সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালার বিধান অনুযায়ী পদোন্নতি প্রদান করা যাইবে, তবে উক্ত পদোন্নতি অস্থায়ী হইবে এবং সংশ্লিষ্ট পদ স্থায়ী হইলে উক্ত পদোন্নতি স্থায়ী হইবে।

৬। **শিক্ষানবিশি।**—(১) স্থায়ী শূন্যপদের বিপরীতে কোনো পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিশি স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে ২ (দুই) বৎসরের জন্য, এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে ১ (এক) বৎসরের জন্য নিয়োগ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশির মেয়াদ এইরূপ বৃদ্ধি করিতে পারিবে যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২ (দুই) বৎসরের অধিক না হয়।

(২) যেই ক্ষেত্রে কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট প্রতীয়মান হয় যে, তাহার কর্ম ও আচরণ সন্তোষজনক নহে, বা তাহার কর্মদক্ষ হইবার সম্ভাবনা নাই, সেইক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিশের চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল, সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিশির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হইবার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, শিক্ষানবিশির মেয়াদ চলাকালে কোনো শিক্ষানবিশের কর্ম ও আচরণ সন্তোষজনক, তাহা হইলে উপবিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকরিতে স্থায়ী করিবে এবং স্থায়ী শূন্যপদের বিপরীতে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি চাকরিতে যোগদানের তারিখ হইতে চাকরিতে স্থায়ী হইবেন; এবং

(খ) যদি মনে করে যে, উক্ত মেয়াদকালে শিক্ষানবিশের কর্ম ও আচরণ সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল, সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোনো শিক্ষানবিশকে কোনো নির্দিষ্ট পদে স্থায়ী করা যাইবে না যতক্ষণ না, সরকারি আদেশবলে, সময় সময়, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন:

তবে শর্ত থাকে যে, যেসকল কর্মচারীর বয়স ৫০ (পঞ্চাশ) বৎসর উত্তীর্ণ হইয়াছে সেসকল কর্মচারীকে তফসিলে বর্ণিত পদের শিক্ষানবিশকাল সমাপ্ত হইবার ১ (এক) বৎসরের মধ্যে স্থায়ী হইবার ক্ষেত্রে বর্ণিত পরীক্ষা বা প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে না।

(৫) অস্থায়ীভাবে সৃজিত পদে অস্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি শিক্ষানবিশ হিসাবে গণ্য হইবেন, তবে অস্থায়ী পদ যেই তারিখে স্থায়ী হইবে সেই তারিখ হইতে উক্ত ব্যক্তির চাকরি স্থায়ী হইবে।

৭। **বিশেষ বিধান।**—তফসিলে উল্লিখিত কোনো পদ পূরণের ক্ষেত্রে সরাসরি ও পদোন্নতির কোটা বিভাজনে কোনো ভগ্নাংশ আসিলে উভয় কোটায় ভগ্নাংশ পূর্ণসংখ্যা হিসাবে পদোন্নতির কোটার সহিত যুক্ত হইবে।

৮। **রহিতকরণ ও হেফাজত।**—(১) ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রক এর কার্যালয় (নিয়ন্ত্রক, উপ-নিয়ন্ত্রক ও সহকারী নিয়ন্ত্রক) নিয়োগ বিধিমালা, ২০১২ এবং ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রক-এর কার্যালয়ের (কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১২, অতঃপর উক্ত বিধিমালা ও প্রবিধানমালা বলিয়া উল্লিখিত, এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উপবিধি (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, উক্ত বিধিমালা ও প্রবিধানমালার অধীন—

(ক) গৃহীত বা কৃত কার্যক্রম এই বিধিমালার অধীন গৃহীত বা কৃত বলিয়া গণ্য হইবে;

(খ) কোনো কার্য অনিষ্পন্ন থাকিলে, এই বিধিমালা জারির তারিখে অনিষ্পন্ন কার্যাদি, যতদূর সম্ভব, এই বিধিমালার অধীন নিষ্পন্ন করিতে হইবে; এবং

(গ) নিয়োগকৃত ও পদোন্নতিপ্রাপ্ত কর্মচারী এই বিধিমালার অধীন নিয়োগকৃত ও পদোন্নতিপ্রাপ্ত হইয়াছেন বলিয়া গণ্য হইবেন।

**তফসিল-১**
**[বিধি ২(গ) দ্রষ্টব্য]**

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | নিয়ন্ত্রক | --- | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>উপ-নিয়ন্ত্রক/ উপ-নিয়ন্ত্রক (সাইবার অপরাধ ও নিরাপত্তা) পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে:**<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে কারিগরি যোগ্যতাসম্পন্ন সরকারের যুগ্মসচিব বা সমপদমর্যাদার কর্মচারীগণের মধ্য হইতে। |
| ২। | উপ-নিয়ন্ত্রক/ উপ-নিয়ন্ত্রক (সাইবার অপরাধ ও নিরাপত্তা) | --- | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>সিনিয়র সহকারী নিয়ন্ত্রক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা ।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে:**<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে কারিগরি যোগ্যতাসম্পন্ন সরকারের উপসচিব বা সমপদমর্যাদার কর্মচারীগণের মধ্য হইতে। |
| ৩। | সিনিয়র সহকারী নিয়ন্ত্রক | --- | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>সহকারী নিয়ন্ত্রক/সহকারী নিয়ন্ত্রক (নিরাপত্তা ও সমন্বয়)/ সহকারী নিয়ন্ত্রক (ইমার্জেন্সি রেসপন্স) বা সহকারী প্রকৌশলী বা সহকারী প্রোগ্রামার/ সহকারী প্রোগ্রামার (সাইবার নিরাপত্তা)/ সহকারী প্রোগ্রামার (ইমার্জেন্সি রেসপন্স)/ সহকারী প্রোগ্রামার (পিকেআই)/ সহকারী প্রোগ্রামার (ফরেনসিক)/সহকারী প্রোগ্রামার (কম্পিউটার ও সার্ভার) বা সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার/ সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার (সফটওয়্যার) বা আইন কর্মকর্তা বা তদন্ত কর্মকর্তা/তদন্ত কর্মকর্তা (ইমার্জেন্সি রেসপন্স) পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরির অভিজ্ঞতা। |

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| | | | | **প্রেষণে বদলির ক্ষেত্রে:**<br>কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বা কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বা ইলেকট্রনিক এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বা ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বা ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিষয়ে স্নাতক ডিগ্রিসহ সিনিয়র সহকারী সচিব বা সমপদমর্যাদার কর্মচারীগণের মধ্য হইতে। |
| ৪। | সহকারী নিয়ন্ত্রক/ সহকারী নিয়ন্ত্রক (নিরাপত্তা ও সমন্বয়)/ সহকারী নিয়ন্ত্রক (ইমার্জেন্সি রেসপন্স) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে; তবে সরাসরি নিয়োগযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বা কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বা ইলেকট্রনিক এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বা ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বা ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কমিশন কর্তৃক নির্ধারিত নিয়োগ পদ্ধতি অনুসরণপূর্বক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে:**<br>কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বা কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বা ইলেকট্রনিক এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বা ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বা ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিষয়ে স্নাতক ডিগ্রিসহ সহকারী সচিব বা সমপদমর্যাদাসম্পন্ন কর্মচারীগণের মধ্য হইতে। |

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৫। | সহকারী প্রকৌশলী | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে অথবা প্রেষণে বদলির মাধ্যমে। | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>কোনা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বি.এসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রিসহ উপ-সহকারী প্রকৌশলী পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>(ক) শিক্ষাজীবনের সকল পরীক্ষায় অন্যূন দ্বিতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ/সিজিপিএসহ কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বা ইলেকট্রনিক এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বা ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কমিশন কর্তৃক নির্ধারিত নিয়োগ পদ্ধতি অনুসরণপূর্বক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।<br>**<u>প্রেষণে বদলির ক্ষেত্রে:</u>**<br>কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বা কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বা ইলেকট্রনিক এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বা ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বা ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিষয়ে স্নাতক ডিগ্রিসহ সমপদমর্যাদাসম্পন্ন কর্মচারীগণের মধ্য হইতে। |

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৬। | সহকারী প্রোগ্রামার/ সহকারী প্রোগ্রামার (সাইবার নিরাপত্তা)/ সহকারী প্রোগ্রামার (ইমার্জেন্সি রেসপন্স)/ সহকারী প্রোগ্রামার (পিকেআই)/ সহকারী প্রোগ্রামার (ফরেনসিক)/ সহকারী প্রোগ্রামার (কম্পিউটার ও সার্ভার) | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ এ উল্লিখিত সহকারী প্রোগ্রামার পদের নিয়োগ যোগ্যতা অনুযায়ী। | | |
| ৭। | সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার/ সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার (সফটওয়্যার) | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ এ উল্লিখিত সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী পদের নিয়োগ যোগ্যতা অনুযায়ী। | | |
| ৮। | আইন কর্মকর্তা | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে; তবে সরাসরি নিয়োগ না হওয়া পর্যন্ত প্রেষণে বদলির মাধ্যমে। | <u>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**</u><br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে আইন বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>(খ) Bangladesh Legal Practitioners and Bar Council Order, 1972 (President's Order No. 46 of 1972) এর অধীন গঠিত Bar Council এর তালিকাভুক্ত )enrolled) অ্যাডভোকেট হিসাবে কোনো Local Bar Association এর সদস্য; এবং<br>(গ) কমিশন কর্তৃক নির্ধারিত নিয়োগ পদ্ধতি অনুসরণপূর্বক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।<br><u>**প্রেষণে বদলির ক্ষেত্রে:**</u><br>সমযোগ্যতা এবং সমপদমর্যাদাসম্পন্ন কর্মচারীগণের মধ্য হইতে। |

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৯। | তদন্ত কর্মকর্তা/ তদন্ত কর্মকর্তা (ইমার্জেন্সি রেসপন্স) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে; তবে সরাসরি নিয়োগ না হওয়া পর্যন্ত প্রেষণে বদলির মাধ্যমে। | **<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বা ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বা ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কমিশন কর্তৃক নির্ধারিত নিয়োগ পদ্ধতি অনুসরণপূর্বক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।<br>**<u>প্রেষণে বদলির ক্ষেত্রে:</u>**<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে কারিগরি যোগ্যতাসম্পন্ন সমপদমর্যাদার কর্মচারীগণের মধ্য হইতে। |
| ১০। | উপ-সহকারী প্রকৌশলী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে কম্পিউটার সায়েন্স এন্ড টেকনোলজি বা কম্পিউটার সায়েন্স বা ইলেকট্রিক্যাল বা ইলেকট্রনিক্স বা টেলিকমিউনিকেশন টেকনোলজি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা ডিগ্রি; এবং<br>(খ) কমিশন কর্তৃক নির্ধারিত নিয়োগ পদ্ধতি অনুসরণপূর্বক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১১। | সহকারী লাইব্রেরিয়ান | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>লাইব্রেরি সায়েন্স বিষয়ে ১ (এক) বৎসর মেয়াদি ডিপ্লোমা কোর্সসহ পিএ-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে লাইব্রেরি সায়েন্স বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি ;<br>(খ) ই-লাইব্রেরি পরিচালনায় দক্ষতা ও অভিজ্ঞতা; এবং<br>(গ) কমিশন কর্তৃক নির্ধারিত নিয়োগ পদ্ধতি অনুসরণপূর্বক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১২। | পিএ-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে। | (ক) উচ্চমান সহকারী পদে অন্যূন ৩ (তিন) বৎসর অথবা অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকরির অভিজ্ঞতা; এবং<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষর গতি:<br>(অ) বাংলায়- প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ (বিশ) শব্দ; ও<br>(আ) ইংরেজিতে- প্রতি মিনিটে সর্বনিম্ন ৩০ (ত্রিশ) শব্দ। |

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১৩। | উচ্চমান সহকারী | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক বা কেয়ারটেকার বা স্টোরকিপার পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকরির অভিজ্ঞতা; এবং<br>(খ) মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ এর তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৪। | হিসাবরক্ষক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে হিসাব বিজ্ঞান বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি; কোনো<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(গ) তফসিল ২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৫। | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৩০ বৎসর | ৫০% পদ পদোন্নতির মাধ্যমে এবং ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) ডেসপাচ রাইডার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসর অথবা অফিস সহায়ক পদে অন্যূন ১১ (এগার) বৎসরের চাকরির অভিজ্ঞতা; এবং |

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| | | | | (খ) কম্পিউটার মুদ্রাক্ষর গতি :<br>(অ) বাংলায় - প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ (বিশ) শব্দ; ও<br>(আ) ইংরেজিতে - প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ (বিশ) শব্দ।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষর গতি:<br>(অ) বাংলায় - প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ (বিশ) শব্দ; ও<br>(আ) ইংরেজিতে - প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ (বিশ) শব্দ; এবং<br>(গ) মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৬। | ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী । | | |
| ১৭। | গাড়ী চালক | সরকারি যানবাহন অধিদপ্তরের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ১৮। | কেয়ার-টেকার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(গ) তফসিল ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১৯। | স্টোরকিপার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>(ক) ডেসপাচ রাইডার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসর অথবা অফিস সহায়ক পদে অন্যূন ১১ (এগার) বৎসরের চাকরির অভিজ্ঞতা; এবং<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) ই-ইনভেনটরি পরিচালনায় দক্ষতা; এবং<br>(গ) তফসিল ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২০। | ডেসপাচ রাইডার | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ২১। | অফিস সহায়ক | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ২২। | পরিচ্ছন্নতাকর্মী | অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত "আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮" অনুযায়ী। | | |

**তফসিল-২**

**[বিধি ২(গ) ও তফসিল-১ এর ক্রমিক নম্বর-১৪ দ্রষ্টব্য]**

হিসাবরক্ষক পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের পরীক্ষার নাম, বিষয়, নম্বর, ইত্যাদি:

| **ক্রমিক নম্বর** | **পরীক্ষা ও বিষয়ের নাম** | **মোট নম্বর** | **পাশ নম্বর** | **সময়** |
|---|---|---|---|---|
| **(ক) লিখিত পরীক্ষা** | | ১০০ | ৫০% | ৯০ মিনিট |
| ১। | বাংলা | ৩০ | | |
| ২। | ইংরেজি | ৩০ | | |
| ৩। | গণিত | ২০ | | |
| ৪। | সাধারণ জ্ঞান | ২০ | | |
| **(খ) মৌখিক পরীক্ষা** | | ১০ | | |
| | সর্বমোট | ১১০ | | |

**ব্যাখ্যা:** লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবে।

## তফসিল-৩

**[বিধি ২(গ) ও তফসিল-১ এর ক্রমিক নম্বর-১৮ ও ১৯ দ্রষ্টব্য]**

কেয়ারটেকার ও স্টোরকিপার পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের পরীক্ষার নাম, বিষয়, নম্বর, ইত্যাদি:

| ক্রমিক নম্বর | পরীক্ষা ও বিষয়ের নাম | মোট নম্বর | পাশ নম্বর | সময় |
|---|---|---|---|---|
| **(ক) লিখিত পরীক্ষা** | | ১০০ | ৫০% | ৯০ মিনিট |
| ১। | বাংলা | ৩০ | | |
| ২। | ইংরেজি | ৩০ | | |
| ৩। | গণিত | ২০ | | |
| ৪। | সাধারণ জ্ঞান | ২০ | | |
| **(খ) মৌখিক পরীক্ষা** | | ১০ | | |
| | সর্বমোট | ১১০ | | |

**ব্যাখ্যা:** লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শীষ হায়দার চৌধুরী,** এনডিসি
সচিব
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd